আজকের কাগজ

তারিখ 21 JUN 199
পৃষ্ঠা ৬ কলাম ১

101

# শিক্ষক আন্দোলনের পরবর্তী কর্মসূচি নির্ধারণে কমিটি গঠিত

কাগজ প্রতিবেদক : কেন্দ্রিয় শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটি আন্দোলনের পরবর্তী কর্মসূচি প্রণয়নের জন্যে কমিটি গঠন করেছে। গতকাল লিয়াজোঁ কমিটির এক সভা শেখ আমানুল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, মোঃ নুরুল্লাহ, অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, এস এম হাবিবুর রহমান, চৌধুরী খুরশীদ আলম, আজিজুল হক শাহ, অধ্যাপক মনসুরুর রহমান, আলহাজ্ব আবদুস সালাম, অধ্যাপিকা এ এন রাশেদা, অধ্যাপক আবদুর রব মিয়া, আজিজুল ইসলাম, শহীদুর রহমান, আবদুস সামাদ প্রমুখ।

সভায় চলমান শিক্ষক আন্দোলনকালে শিক্ষক শাহজাদা শিকদার খলিলুর রহমান, সুবোধ কুমার সাহা, এস আর কিউ মাহতাব ওয়ালী, সৈয়দ আবদুল খালেক এবং কর্মচারি সুশীল রঞ্জন হালদারের মৃত্যুতে বিশেষ শোক প্রস্তাব গ্রহণ করা হয়।

সভায় আন্দোলনকালে অসুস্থ হয়ে পড়া শিক্ষকদের আশু রোগ মুক্তি কামনা করা হয় এবং আন্দোলনকালে বিভিন্ন মহলের সমর্থন দান ও সহযোগিতার কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।